

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.১১.০০০১.২০.৬৯১

তারিখ: ০১ আষাঢ় ১৪৩২ ব.
১৫ জুন ২০২৫ খ্রি.


সংশোধিত বিজ্ঞপ্তি

বিষয়: অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এর লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত ফলাফল সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ব্যবস্থাপনায় গত ১২ ও ১৩ জুলাই ২০২৪ তারিখে অষ্টাদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২৩ এর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত লিখিত পরীক্ষায় ৮৩,৮৬৫ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়। মৌখিক পরীক্ষা সমাপ্তে চূড়ান্ত ভাবে উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল ০৪ জুন ২০২৫ তারিখ অপরাহ্নে প্রকাশ করা হয়। প্রকাশিত ফলাফলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে চূড়ান্ত ভাবে ৬০,৫২১ জন প্রার্থী উত্তীর্ণ হয়েছেন মর্মে উল্লেখ রয়েছে।

০২। ফলাফল প্রকাশের পর কিছু পরীক্ষার্থী উল্লেখ করেন প্রকাশিত ফলাফলে ২৩ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত মৌখিক পরীক্ষার কোন পরীক্ষার্থী উত্তীর্ণ হননি। সেপ্রেক্ষিতে ২৩ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত পরীক্ষার ফলাফলের হার্ডকপি যাচাইঅন্তে প্রতীয়মান হয় যে, কারিগরি ত্রুটির কারণে ০৪ জুন ২০২৫ তারিখে প্রকাশিত ফলাফলে ২৩ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত পরীক্ষার ফলাফল অন্তর্ভুক্ত হয়নি। উল্লেখ্য, বিভিন্ন কারণে মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত তারিখে যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেননি মর্মে আবেদন করেছিলেন তাঁদের মৌখিক পরীক্ষা ২৩ মার্চ ২০২৫ তারিখে গ্রহণ করা হয়েছিল।

০৩। গত ২৩ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত পরীক্ষার ফলাফলের হার্ডকপি এবং ফলাফলের সফট কপি যাচাই করে দেখা যায় যে, ২৩ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে বিভিন্ন বিষয়ে মোট ১১৩ (একশত তের) জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছেন। সেপ্রেক্ষিতে, অষ্টাদশ শিক্ষক নিবন্ধন মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্যে চূড়ান্ত ভাবে (৬০,৫২১+১১৩)= ৬০,৬৩৪ জন প্রার্থী উত্তীর্ণ হয়েছেন।


(কাজী কামরুল আহসান)
পরিচালক (যুগ্মসচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।